

উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Upazilla Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, লালমোহন বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। বিগত তিন অর্ধবছরে মোট ২৭ টি নতুন সমবায় গঠন করা হয়েছে ৫৪০ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। বিগত তিন বছরে ২৭৫ টি নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। ৩২৮ জন সমবায়ী (পুরুষ) ও ১৪৭ জন সমবায়ী (মহিলা) কে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ১৪২ জনের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে সমবায়ের মাধ্যমে উন্নয়নের লক্ষ্যে ইতোমধ্যেই এ উপজেলায় তাদের সমন্বয়ে সমবায় সমিতি গঠন করা হয়েছে। এছাড়াও 'রূপকল্প ২০৪১', 'এসডিজি' অর্জন এবং ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের কিছু কার্যক্রম এ বিভাগে বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে ১১২৩ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে লালমোহন উপজেলায় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা ১৫০ টি। নানা শ্রেণি ও পেশার সম্মেলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ এ বিপুল সমবায়গুলো নিয়মিত অডিট করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল ও যানবাহন এবং পর্যাপ্ত বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ চ্যালেঞ্জ মোকাবেলা ও সময়ের দাবী পূরণ করা সম্ভব হচ্ছে না। তাছাড়া মাত্রপার্যায় চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপক ভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

ভবিষ্যৎ পরিকল্পনা:

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসা, সরকারের বিভিন্ন কর্মসূচী সামনে রেখে সকল বছরের কার্যক্রম সুনির্দিষ্ট করার উদ্যোগ গ্রহণ আগামী অর্ধ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়, তজুমদ্দিন, ভোলা এর নাগরিক সেবা সহজ করা, ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদানের মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করা ও আত্ম-কর্মসংস্থানের পথ সুগম করা এবং সমবায়ের মাধ্যমে নারীসহ সুবিধাবঞ্চিত ও অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ করে বেদে ও হরিজন সম্প্রদায়ের মানুষের সামাজিক পুনর্বাসন, পথ শিশুদের সামাজিক মর্যাদা অর্জনসহ বেকার জনগোষ্ঠীর সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস ও জীবনযাত্রার মান উন্নয়ন এবং ক্ষমতায়ন আগামী অর্ধবছরে অন্যতম লক্ষ্য।

২০২৪-২৫ অর্ধবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ০১টি মডেল সমবায় গঠন করা হবে;
- ১০০ জনকে চাহিদাভিত্তিক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হবে;
- ৯০% সমবায় এর নির্বাচন অনুষ্ঠান, নিরীক্ষিত সমবায় এর মধ্যে ৯০% এর এজিএম আয়োজন এবং ৩১ আগস্ট ২০২২ এর মধ্যে ৫০% সমবায় এর হিসাব বিবরণী প্রাপ্তি নিশ্চিত করা হবে।
- ৩৬ টি সমবায় এর পরিদর্শন এবং ১০০% সমবায় এর নিরীক্ষা সম্পাদন করা হবে।